



স্মারক সংখ্যা: ৩৮.০০.০০০০.৩০৮.০৫.০২০.১৬-৬৬(১)

তারিখ: ০২ বৈশাখ ১৪২৮ ব:  
১৫ এপ্রিল ২০২১ খ্রি:

## অফিস আদেশ

উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরোর ২০২০-২০২১ অর্থ বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহের ক্রমিক [২] কর্মসম্পাদনে গতিশীলতা আনয়ন ও সেবার মান বৃদ্ধি, কার্যক্রম [২.৩] সেবা সহজিকরণ এর আওতায় কর্মসম্পাদন সূচক [২.৩.১] একটি সহজিকৃত সেবা অধিক্ষেত্রে বাস্তবায়নের জন্য ২৫.০২.২০২১খ্রি: তারিখ নির্ধারিত রয়েছে। অপরদিকে উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরোর ২০২০-২০২১ অর্থ বছরের উদ্ভাবনী কর্মপরিকল্পনার ক্রমিক ১২ এর সেবা সহজিকরণ কার্যক্রমের ১২.১ ক্রমিকে ন্যূনতম একটি সেবা পদ্ধতি সহজিকরণের পাইলটিং বাস্তবায়নের আওতায় কর্মসম্পাদন সূচকের ১২.১.১ ক্রমিকে সহজিকরণের পাইলটিং বাস্তবায়নের চূড়ান্ত অফিস আদেশ জারিকরণের জন্য ১৫.০৪.২০২১ খ্রি: তারিখ নির্ধারিত রয়েছে।

উক্ত বার্ষিক কর্মসম্পাদন চুক্তির সেবা সহজিকরণ অধিক্ষেত্রে বাস্তবায়নের জন্য এবং উদ্ভাবন কর্মপরিকল্পনার সেবা সহজিকরণের পাইলটিং বাস্তবায়নের নিমিত্ত বাজেট বেইজড অনলাইন একাউন্টিং সিস্টেম সফটওয়্যার তৈরি করে ব্যুরোর ওয়েবসাইটে সন্নিবেশিত করা হয়েছে। যা ওয়েবসাইটে অভ্যন্তরীণ ই-সেবা বা পোর্টালের ডানদিকে Link করা আছে। এই অনলাইন সেবা ব্যবহার করে ব্যুরোর প্রধান কার্যালয় ও জেলা কার্যালয়সমূহে বাজেট, খাতওয়ারী সকল ধরনের বিল, ক্যাশ বহিসহ মাসিক ব্যয় বিবরণী এবং হিসাব সংক্রান্ত চলমান বিভিন্ন প্রতিবেদন প্রস্তুত করা হচ্ছে। এতে করে পরিদর্শন, সময় ও অর্থের (Time, Cost & Visit) প্রয়োজনীয়তা হ্রাস পেয়েছে এবং গুণগত মানসম্মত কাজ নিশ্চিত হয়েছে। ফলশ্রুতিতে একদিকে সরকারি কাজের গতিশীলতা বৃদ্ধি পেয়েছে এবং অন্যদিকে সেবাগ্রহীতাদের ভোগান্তিও হ্রাস পেয়েছে।

  
২৫.০৪.২০২১  
(তপন কুমার ঘোষ)  
মহাপরিচালক  
ফোন: ২২২২৮৭৮৯৫  


### কার্যার্থে:

- ১। পরিচালক (প্রশাসন ও অর্থ/পরিকল্পনা, মনিটরিং ও মূল্যায়ন), উশিবু, ঢাকা।
- ২। প্রকল্প পরিচালক, মৌলিক সাক্ষরতা প্রকল্প (৬৪ জেলা), উশিবু, ঢাকা।
- ৩। সিস্টেম এনালিস্ট, উশিবু, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৪। উপ-পরিচালক (সকল), উশিবু, ঢাকা।
- ৫। সহকারী পরিচালক (সকল), উশিবু, ঢাকা।
- ৬। সহকারী পরিচালক, জেউশিবু (সকল), জেলা .....
- ৭। লাইব্রেরিয়ান/স্টোর অফিসার/সহকারী প্রোগ্রামার, উশিবু, ঢাকা।
- ৮। অফিস কপি।

### সদয় জ্ঞাতার্থে:

- ১। সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। প্রকল্প পরিচালক, এটুআই, প্রকল্প, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।